গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.১৯.৬৭৯

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৬
০৯ জুলাই ২০১৯

বিষয়: **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত বাস্তবায়ন।**

আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা গত ০২.০৭.২০১৯ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত হয়। উক্ত দিবসটি যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের নিমিত্ত অনুমোদিত সরকারি কর্মসূচি অনুযায়ী তাঁর মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয় সংশ্লিষ্ট কর্মসূচি/সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এইসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণীর কপি।

৯-৭-২০১৯
মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব
ফোন: ৯৫৪০৯৭১
ইমেইল: general_sec@cabinet.gov.bd

বিতরণ :
১) প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২) সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)
৩) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
৪) ইন্সপেক্টর জেনারেল , পুলিশ হেডকোয়ার্টার্স
৫) কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘর, ধানমন্ডি, ঢাকা
৬) প্রধান প্রকৌশলী , গণপূর্ত অধিদপ্তর
৭) প্রধান তথ্য অফিসার , তথ্য অধিদফতর
৮) অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৯) অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি/জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ
১০) বিভাগীয় কমিশনার (সকল)
১১) মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা
১২) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো
১৩) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
<u>মন্ত্রিপরিষদ বিভাগ</u>

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী

সভার তারিখ	: ০২ জুলাই ২০১৯
সময়	: সকাল ১১:০০ ঘটিকা
স্থান	: মন্ত্রিপরিষদ কক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ
সভাপতি	: জনাব মোহাম্মদ শফিউল আলম মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
সভায় উপস্থিতি	: পরিশিষ্ট-ক

০১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। সভাপতি বলেন যে, শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্তকরণ এবং গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব (সাধারণ) জনাব মোঃ সাজ্জাদুল হাসান প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে সমগ্র বাংলাদেশে ও প্রবাসে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

ক্র.	কর্মসূচি	বাস্তবায়ন
১.	(ক) ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	ক) সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, সংস্থা ও দপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)
	(খ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে এবং আলোচনা সভার আয়োজন করা হবে।	খ) পররাষ্ট্র মন্ত্রণালয়
	<u>সহায়ক কার্যক্রম :</u>	
	ক) বাংলাদেশ টেলিভিশন জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার না করা ও মানসম্মত কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রস্তুত করার বিষয়ে ব্যাপক প্রচার করবে।	ক) বাংলাদেশ টেলিভিশন
	খ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালন করবে।	খ) পররাষ্ট্র মন্ত্রণালয়
	গ) তথ্য মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে প্রচারের জন্য যাবতীয় সিডি, পোস্টার ও অন্যান্য সামগ্রী পর্যাপ্ত সময় পূর্বে পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট হস্তান্তর করবে।	গ) তথ্য মন্ত্রণালয়

ক্র.	কর্মসূচি	বাস্তবায়ন
২.	সকাল ৬:৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত।	
	<u>সহায়ক কার্যক্রম:</u> (ক) সশস্ত্র বাহিনী বিভাগ পুষ্পস্তবক অর্পণ এবং পবিত্র কোরআন তেলাওয়াতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	ক) সশস্ত্র বাহিনী বিভাগ
	(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), সম্মুখস্থ রাস্তায় ত্রিপলসহ প্যান্ডেল তৈরি, আসন ব্যবস্থা, স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত সংখ্যক ফ্যানের ব্যবস্থা, দেয়াল ও গ্রীল রঙকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর জন্য পুষ্পস্তবক সরবরাহ এবং প্রতিকৃতি-সংলগ্ন ফোয়ারায় পানি প্রবাহের মটর চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
	(গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা, অগ্নিনির্বাপক যন্ত্রসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রয়োজনীয় সংখ্যক গাড়ি রাখা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি পার্কিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা করবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত সার্বিক নিরাপত্তার বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী ও সংশ্লিষ্টদের নিয়ে জুলাই ২০১৯-এ একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০১৯-এর প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে।	গ) জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
	ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে। মেডিকেল টিম অনুষ্ঠানস্থলে প্যান্ডেলের নির্ধারিত স্টলে থাকবে।	ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
	(ঙ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিছন্ন রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। লেক সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতির দুই পাশের লেকের ফোয়ারা চালু রাখতে হবে।	ঙ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, জেলা প্রশাসন ঢাকা, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ
	(চ) অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোফোনের ব্যবস্থা গ্রহণ করবে।	(চ) তথ্য মন্ত্রণালয় ও গণযোগাযোগ অধিদপ্তর
৩.	১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭:৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও দোয়া।	
	<u>সহায়ক কার্যক্রম:</u> (ক) সশস্ত্র বাহিনী বিভাগ পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং পবিত্র কোরআন তেলাওয়াত, ফাতেহা পাঠ ও মোনাজাতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	ক) সশস্ত্র বাহিনী বিভাগ
	(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি সরবরাহ করবে।	খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
	(গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	গ) জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ